



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল  
[www.barisalboard.gov.bd](http://www.barisalboard.gov.bd)

**বিজ্ঞপ্তি**

স্মারক নং-বশিবো/কলেজ/২০২৬/৫৬৭

তারিখ: ২৯.০৩.২০২৬খ্রি;

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল এর আওতাধীন কলেজ পর্যায়ের বেসরকারি প্রতিষ্ঠান প্রধানদের শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ-এর ১৬/০৩/২০২৬ তারিখের স্মারক নং ৩৭.০০.০০০০.০৭২.১৮.০০৩.২৪.৪১ এর জারিকৃত পরিপত্রে প্রদত্ত নির্দেশনা অনুযায়ী এডহক কমিটি গঠনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**বিষয়টি অতীব জরুরি।**

[বিঃদ্র: ইতোপূর্বে যে সকল প্রতিষ্ঠানকে এডহক কমিটি গঠনের অনুমতি প্রদান করা হয়েছে এতদ্বারা তা বাতিল করা হলো, তাদেরকে নতুন করে এডহক কমিটি গঠনের অনুমতি প্রদান করা হবে। এজন্য ঐ সকল প্রতিষ্ঠানকে পুনরায় আবেদন করার প্রয়োজন নেই। যে সকল প্রতিষ্ঠান অনলাইনে এডহক কমিটি জমা দিয়েছে তাদেরকেও পরিবর্তিত নির্দেশনা অনুযায়ী এডহক কমিটি গঠনের অনুমতি নিয়ে এডহক কমিটি গঠনপূর্বক অনলাইনে পুনরায় জমা দিতে হবে। উল্লেখ্য যে, এডহক কমিটি সংক্রান্ত ফি যারা একবার জমা দিয়েছে তাদের আর ফি দিতে হবে না।]

*Jasim*  
29/03/2026

প্রফেসর ড. মোঃ জসিম উদ্দিন (০০৯২৮৪)  
কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড  
বরিশাল

মোবাইল নং ০১৭১২-০৮১৬৩৯

Email: jasim0071@gmail.com

**বিতরণ:**

বরিশাল শিক্ষাবোর্ড এর আওতাধীন কলেজ পর্যায়ের সকল বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান প্রধান।

**সংযুক্ত:**

শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের ১৬/০৩/২০২৬ তারিখের স্মারক নং ৩৭.০০.০০০০.০৭২.১৮.০০৩.২৪.৪১ এর জারিকৃত পরিপত্র।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
বেসরকারি মাধ্যমিক-১ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭২.১৮.০০৩.২৪.৪১

তারিখ: ০২ চৈত্র ১৪৩২  
১৬ মার্চ ২০২৬

পরিপত্র


বিষয়: মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকাসহ অন্যান্য বোর্ডের (নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০২৪ (সংশোধনসহ) অনুযায়ী এডহক কমিটি গঠন সংক্রান্ত।

গত ১০.০৩.২০২৬ তারিখের নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিং বডি/ ম্যানেজিং কমিটি/এডহক কমিটি গঠন বিষয়ে মতবিনিময় সভার সিদ্ধান্ত অনুযায়ী বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকাসহ অন্যান্য বোর্ডের (নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০২৪ (৩১ আগস্ট ২০২৫ তারিখের সংশোধনী) এর ঢাকা শিক্ষা বোর্ডের ক্ষেত্রে ৭৫(২) এবং অন্যান্য শিক্ষা বোর্ডের ক্ষেত্রে ৭৪(২) প্রবিধি অনুযায়ী বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের এডহক কমিটি গঠনের ক্ষেত্রে শিক্ষা বোর্ডসমূহকে নিম্নরূপ নির্দেশনা প্রদান করা হলো:

(ক) এডহক কমিটির সভাপতি: শিক্ষা প্রতিষ্ঠানের এডহক কমিটির সভাপতির সাধারণ শিক্ষাগত যোগ্যতা স্নাতক পাশ বা সমমান হবে। আবশ্যিক ক্ষেত্রে এডহক কমিটির সভাপতি নির্ধারণের ক্ষেত্রে ব্যক্তির শিক্ষা প্রসার ও উন্নয়নে বিশেষ অবদান বা অন্য কোনো বিশেষ যোগ্যতা সাপেক্ষে মন্ত্রণালয় কর্তৃক প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণ করতে পারবে।

(খ) এডহক কমিটির সভাপতি মনোনয়ন: এডহক কমিটির সভাপতি মনোনয়নের লক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠান প্রধান, মহানগরের ক্ষেত্রে বিভাগীয় কমিশনার এবং অন্যান্য ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার, জেলা প্রশাসকের মাধ্যমে সংশ্লিষ্ট জেলা বা উপজেলার সরকারি, আধা-সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত বা অবসরপ্রাপ্ত প্রথম শ্রেণির কর্মচারী, অবসরপ্রাপ্ত শিক্ষাবিদ, স্থানীয় শিক্ষানুরাগী ব্যক্তি বা শিক্ষায় আগ্রহী স্থানীয় খ্যাতিমান ব্যক্তি/ সমাজসেবক, স্থানীয় সংশ্লিষ্ট বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের প্রতিষ্ঠাতার মধ্য হইতে ৩ (তিন) জন ব্যক্তির নাম ও জীবনবৃত্তান্ত সংবলিত প্রস্তাব শিক্ষা বোর্ডের নিকট প্রেরণ করিবেন। শিক্ষা বোর্ড প্রস্তাবিত ব্যক্তিগণের মধ্য হইতে একজনকে সভাপতি মনোনীত করিবেন।

২। জনস্বার্থে এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

 ২৬.০৩.২৬

(সাইয়েদ এ. জেড. মোরশেদ আলী)

উপসচিব

ফোন: ৯৫৪৫০৩২

nongovt.secondary.sec1@shed.gov.bd

চলমান পাতা-২